

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নং- ১৩.০১.০০০০.০৫২.২৪.০০১.২০-

তারিখ : ১৫.১০.২০২০খ্রি:।

**বিষয় : পুষ্টিচাল বিতরণের কার্ণেল গ্রহণের পর যথাযথভাবে প্রত্যয়ন পত্র প্রদান।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরের সাথে কার্ণেল সরবরাহকারী প্রতিষ্ঠানগুলোর চুক্তি স্বাক্ষরের মাধ্যমে জেলা পর্যায়ে কার্ণেল সরবরাহ করা হয়। সে মোতাবেক সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এবং এলএসডির ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ যৌথ স্বাক্ষরে কার্ণেল গ্রহণের প্রত্যয়ন পত্র প্রদান করে থাকেন, যা কার্ণেল সরবরাহকারী প্রতিষ্ঠান তাদের বিল দাখিলের সময় বিলের সাথে উপস্থাপন করে থাকে।

সে প্রেক্ষিতে কার্ণেল বরাদ্দ হওয়ার পর সংশ্লিষ্ট কেন্দ্র/এলএসডিতে তা গ্রহণ করে প্রত্যয়ন পত্র যৌথভাবে স্বাক্ষর করত: ১০ (দশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট কার্ণেল সরবরাহকারী প্রতিষ্ঠানকে এক কপি প্রদান এবং সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগে ই-মেইল ([dsdm@dgfood.gov.bd](mailto:dsdm@dgfood.gov.bd)) ও ডাকযোগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু কার্ণেল গ্রহণকারী কিছু জেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর হতে যথাসময়ে এবং সঠিকভাবে কার্ণেল গ্রহণের প্রত্যয়নপত্র প্রদান করা হচ্ছে না। ফলে কার্ণেল সরবরাহকারী প্রতিষ্ঠানগুলোর বিল প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হচ্ছে।

উল্লেখ্য, মাঠ পর্যায়ের যে সকল দপ্তর হতে যথাসময়ে প্রত্যয়ন পত্র প্রেরণ করা হচ্ছে না তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য খাদ্য মন্ত্রণালয়ের পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ এর অতিরিক্ত সচিব মহোদয় গত ১৪.১০.২০২০ খ্রি. তারিখে নির্দেশনা প্রদান করেছেন।

এমতাবস্থায়, কার্ণেল বরাদ্দ হওয়ার পর সংশ্লিষ্ট কেন্দ্র/এলএসডিতে তা গ্রহণ করে প্রত্যয়ন পত্র যৌথভাবে স্বাক্ষর করত: ৫ (পাঁচ) দিনের মধ্যে বিনা ব্যর্থতায় সংশ্লিষ্ট কার্ণেল সরবরাহকারী প্রতিষ্ঠানকে এক কপি প্রদান এবং সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগে ই-মেইল ([dsdm@dgfood.gov.bd](mailto:dsdm@dgfood.gov.bd)) ও ডাকযোগে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(মো: আমজাদ হোসেন)

পরিচালক

প্রাপক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।

স্মারক নং- ১৩.০১.০০০০.০৫২.২৪.০০১.২০-৪৪০/৭ (৭৭)

তারিখ : ১৫.১০.২০২০খ্রি:।

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ..... (সকল)।

  
পরিচালক

সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ  
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

